# Translation Practice Sheet-10

**(Based on Note 1 - 9)**

**1.** রাজনৈতিক বিশ্লেষকদের মতে, দেশের অর্থনীতির স্বার্থে হরতালের বিকল্প রাজনৈতিক কর্মসূচি খোঁজার **সময় হয়েছে**। *(দয়া করে note 7 ও 9 হুবহু অনুসরণ করো)*

**2.** বাংলাদেশের ক্রিকেটের উন্নয়নের জন্য তৃণমূল পর্যায়ের ক্রিকেটে পৃষ্ঠপোষকতা **প্রয়োজন**। *(দয়া করে note 7 ও 9 হুবহু অনুসরণ করো)*

**3.** বাংলাদেশের গণতন্ত্রের বিকাশে **গণমাধ্যমের ভূমিকা প্রশংসনীয়**।

**4.** অদক্ষ জনশক্তিকে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করতে হলে শিক্ষার মান উন্নয়নের কোন বিকল্প নেই। *(দয়া করে note 6 ও 9 হুবহু অনুসরণ করো)*

**5.** দ্রুত বর্ধনশীল জনসংখ্যার চাপে **ঢাকা শহরের চারপাশে কৃষি জমি হ্রাস পাচ্ছে**।

**6.** **দিনে দুপুরে** একজন মানুষকে দুর্বৃত্তরা কুপিয়ে কুপিয়ে হত্যা করল, আর চারপাশের সব মানুষ সেই দৃশ্য দেখল, কেউ ছবি তুলে সামাজিক গণমাধ্যমে ছড়িয়ে দিলেন, কিন্তু আক্রান্ত মানুষটিকে বাঁচাতে এগিয়ে এলেন না, এ কেমন সমাজে আমরা বাস করছি? *(দয়া করে note 1 ও 2 হুবহু অনুসরণ করো)*

**7.** দেশে আইনের শাসন এতটাই ভঙ্গুর যে, দুর্বৃত্তরা প্রকাশ্যে চাপাতি দিয়ে মানুষ খুন করতে সাহস পায়।

**8.** মৌলভীবাজারের কুলাউড়ায় সিলেট থেকে ঢাকাগামী একটি ট্রেন দুর্ঘটনার কবলে পড়লে **তিন নারীসহ চারজন নিহত** ও **শতাধিক ব্যক্তি আহত হন**।

*(বাক্যটিকে complex করে অনুবাদ করা যেতে পারে)*

**9.** **আহতদের মধ্যে ৬২ জন** কুলাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরি বিভাগে **চিকিৎসা নিয়েছেন**।

**10.** মারাত্মক আঘাত থাকায় **২০ জনকে** সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনার পর **ট্রেন চলাচল** বন্ধ থাকলেও গতকাল সকালে **তা** ফের শুরু হয়। *(২য় বাক্যটিকে compound করে অনুবাদ করা যেতে পারে)*

**11.** তুলনামূলক নিরাপদ বাহন হিসেবে বিবেচনা করে **মানুষ** ট্রেনে ভ্রমণ করতে **আগ্রহী হয়**।

**12.** গত বছর ট্রেনে কাটা পড়ে **কয়েক শ মানুষের মৃত্যুর ঘটনা ঘটেছে**।

**13.** **দুর্নীতি** একটি বৈশ্বিক প্রবণতা হলেও উন্নত গণতান্ত্রিক রাষ্ট্রগুলো প্রমাণ করতে সক্ষম হয়েছে যে সুশাসন ও আইনের শাসনকে অর্থবহ করতে হলে দুর্নীতির রাশ টানার বিকল্প নেই। *(বাক্যটিকে complex করে অনুবাদ করা যেতে পারে)*

**14.** **জাপানি** কোম্পানিগুলোর জন্য চীন, ফিলিপাইন ও পাকিস্তানের চেয়ে বাংলাদেশে মুনাফা করা বেশ কষ্টসাধ্য কাজ। *(Note 7 ও 9 হুবহু অনুসরণ করো)*

**15.** তা সত্ত্বেও জাপানি বিনিয়োগের জন্য বাংলাদেশকে বেশ আকর্ষণীয় দেশ হিসেবে চিহ্নিত করা হয়েছে। *(Note 8 ও 9 হুবহু অনুসরণ করো)*

**16.** এর বড় কারণ হলো এখানে শ্রম সস্তা। আর পণ্যের উৎপাদন খরচ তো এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের যেকোনো দেশের চেয়ে কম।

**17.** **আওয়ামী লীগ** সরকার এটি ভেবে স্বস্তি প্রকাশ করতে পারে যে গত দুই মেয়াদের শাসনে তাদের বড় ধরনের অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়নি। *(দয়া করে note 1 ও 2 হুবহু অনুসরণ করো)*

**18.** পদ্মা সেতুসহ চলমান মেগা প্রকল্পগুলোর কাজ শেষ হলে যোগাযোগব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তনের পাশাপাশি অর্থনীতি আরও গতিশীল হবে বলে ধারণা করা যায়। *(দয়া করে note 7 ও 9 হুবহু অনুসরণ করো)*

**19.** গত বুধবার পেপসিকো ইন্টারন্যাশনাল ঘোষিত ফারাজ হোসেন সাহসিকতা পুরস্কার গ্রহণ করতে গিয়ে **মাদারীপুর সরকারি নাজিমউদ্দিন কলেজের অফিস সহকারী মিরাজ হোসেন** ধর্মের নামে অধর্মের বিরুদ্ধে সোচ্চার হওয়ার **আহ্বান জানিয়েছেন**। *(দয়া করে note 9 হুবহু অনুসরণ করো)*

**20.** এই আহ্বানে **সমাজের প্রতিটি শান্তিকামী মানুষের আকুতি ও প্রত্যয়**ই **প্রকাশিত হয়েছে**।

**21.** **মিরাজ হোসেন** নিজেকে একজন ধর্মপ্রাণ মুসলমান হিসেবে পরিচয় দিয়ে **বলেছেন**, ‘আমি ধর্ম পালন করি, ধর্ম মানি। কিন্তু ধর্মের নামে অধর্ম মানি না।’ *(দয়া করে note 5 ও 9 হুবহু অনুসরণ করো)*

# Sample Solution

**1.** According to political experts, **it is time** to look for/search political programs instead of hartal for the interest/betterment of the country's economy.

**2.** For the development of cricket in Bangladesh, **it is necessary** to develop/ support/ patronage root-level/grassroots cricket.

**3. The role of media is admirable/ commendable** in/for the development of democracy in Bangladesh.

**4. There is no alternative/ substitute** for improving/ to improve the quality of education in order to change/convert unskilled manpower into skilled manpower.

**5. Agricultural land around/near Dhaka city is decreasing/ declining** due to the pressure of rapidly growing population.

**6. A man was hacked to death** by miscreants/ criminals at noon/ broad daylight *(অথবা, miscreants **killed** a man by chopping/ a knife at noon)*, and **all the people around saw/watched** the scene/event, **someone took** pictures and **spread** them on social media but **did not come forward** to save the affected man, what kind of society **are we living** in?

**7. The rule of law in the country is** so fragile/ weak that **miscreants dare to kill** people with knives openly/ at broad daylight.

**8.** **Four people**, **including three women**, **were killed** and **more than a hundred** **were injured** when **a train heading from Sylhet to Dhaka/ a Sylhet to Dhaka bound train** **met with/fell in** an accident at Kulaura in Moulvibazar.

**9.** Among the injured, **62** **have been treated** at the emergency department of Kulaura Upazila Health Complex.

**10.** **20 people** **have been sent** to Sylhet Osmani Medical College Hospital due to serious injuries. Although **the train** **was stopped** after the incident, **it** **resumed/restarted/continued** yesterday morning.

**11.** **People** **become/are interested** in traveling/ to travel by train considering it as a safer/ relatively safe vehicle.

**12.** **Hundreds of people** **were killed** by train ব/, when trains derailed last year.

**13.** Although **corruption** **is** a global trend, **developed democracies** **have been able to prove** that **there** **is** no substitute/ alternative to control/minimize corruption to make good governance and the rule of law meaningful.

**14.** For Japanese companies, **it** **is** more difficult to make a profit in Bangladesh than in China, Philippines and Pakistan.

**15.** Nevertheless, **Bangladesh** **has been identified** as a very attractive country for Japanese investment.

**16.** The big reason **is** that labor **is** cheap here. And **the production cost** **is** lower than any other country in Asia and the Pacific.

**17.** The Awami League government **may be relieved/ relaxed** to know that they **have not had** to face major economic challenges in the last two terms of government.

**18. It is expected/ supposed** that **the economy** **will become** more dynamic along with the revolutionary change in the communication system after finishing/completing the ongoing mega projects including the Padma Bridge. *(চাইলে ২য় অঙ্গশটুকু* ***complex****-এ করতে পারো)*.

**19. Miraj Hossain**, an office assistant of Madaripur Government Nazimuddin College, **has called/urged** to be aware/ alert against irreligious activities/ iniquity in the name of religion while going to receive the Faraj Hossain Courage Award announced by PepsiCo International last Wednesday.

**20.** In this call/urge, **the desires and beliefs of every peace loving people of the society** **have been exposed/exposed**.

**21.** Introducing himself as a devout Muslim, Miraj Hossain **said**, 'I **practice** religion, follow religion. But **do not accept** iniquity in the name of religion.